

This question paper contains 4+1 printed pages]

Your Roll No.....

5278

B.A. (PROGRAMME)/I

A

BENGALI LANGUAGE (A)—Paper I

(Skill of Language Use and History of Bengali Culture)

(Admission of 2004 and onwards)

Time : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

Section A

1. যে কোন একটি রচনা লেখ। 15
- (a) একটি ভ্রমণের অভিজ্ঞতা।
- (b) সন্ত্রাসবাদ (Terrorism)
- (c) দিল্লী শহর

অথবা

২০টি বাক্যের মধ্যে গল্পটি সম্পূর্ণ কর।

কলেজের ক্লাস শেষ করে মণিদীপা ক্লাস সেভেনের ছাত্রটিকে পড়াতে গিয়ে লক্ষ করল, আজ রাহুলের যেন কিছুতেই বইয়ে মন নেই।.....

2. নিম্নলিখিত গদ্যাংশ অবলম্বনে প্রশ্নের উত্তর দাও।
গদ্যাংশটির একটি শিরোনামও দাও। 12+3=15
- অশ্বারোহী পর্বতের উপর হইতে দেখিল, চারি জনে একজনেকে বাঁধিয়া রাখিয়া চলিয়া গেল। আগে কি

P.T.O.

হইয়াছে, তাহা সে দেখে নাই, তখন সে পৌঁছে নাই। অশ্বারোহী নিঃশব্দে পক্ষ্য করিতে লাগিল, উহার কোন পথে যায়। তাহারা যখন নদীর বাঁক ফিরিয়া পর্বতান্তরালে তাদৃশ্য হইল, তখন অশ্বারোহী অশ্ব হইতে নামিল। পরে অশ্বের গায়ে হাত বুলাইয়া বলিল, “বিজয়! এখানে থাকিও - আমি আসিতেছি কোন শব্দ করিও না।” অশ্ব স্থির হইয়া দাঁড়াইয়া রহিল। তাহার আরোহী পাদচায়ে অতিক্রমিত বেগে পর্বত হইতে অবতরণ করিলেন। পর্বত বড় উচ্চ নহে।

অশ্বারোহী পদব্রজে মিশ্র ঠাকুরের কাছে আসিয়া তাঁহাকে বন্ধন হইতে মুক্ত করিলেন। মুক্ত করিয়া জিজ্ঞাসা করিলেন, “কি হইয়াছে, অল্প কথায় বলুন।” মিশ্র বলিলেন, “চারিজনের সঙ্গে আমি একএ আসিতেছিলাম। তাহাদের চিনিনা - পথের আগাপ: তাহারা বলে ‘আমরা বণিক।’ এইখানে আসিয়া তাহারা মারিয়া ধরিয়া আমায় যাহা কিছু ছিল, কাড়িয়া লইয়া গিয়াছে।”

প্রশ্নকর্তা জিজ্ঞাসা করিলেন, “কি কি লইয়া গিয়াছে”
ব্রাহ্মণ বলিল, একগাছি মুক্তার বালা, কয়টি আশরফি,
দুইখানি পত্র।

প্রশ্নকর্তা বলিলেন, “আপনি এইখানে থাকুন। উহারা
কোন দিকে গেল, আমি দেখিরা আসি।”

ব্রাহ্মণ বলিল, “আপনি যাইবেন কি প্রকারে ? তাহারা
চারি জন, আপনি একা ?”

আগন্তুক বলিল, “দেখিতেছেন না, আমি রাজপুত্র
সৈনিক।”

অনন্ত মিশ্র দেখিলেন, এই ব্যক্তি যুদ্ধব্যবসায়ী বটে।
তাহার কোমরে তলবারি এবং পিস্তল, এবং হস্তে
বর্শা।

- (a) চারজন কাকে বেঁধে রেখে চলে গিয়েছিল ?
- (b) বিজয় কে ?
- (c) চারজন কিব'লে নিজেদের পরিচয় দিয়েছিল ?
- (d) আগন্তুক কে ছিলেন ?

3. প্রবাদ এবং বাগধারাগুলি বাক্যে প্রয়োগ কর। (যে কোন পাঁচটি) 5

ইট্টেডে পাকা, উত্তম মধ্যম, মামার বাড়ির আন্দার,
তালপাতার সেপাই, আকাশ কুসুম, কাজের সময়
কাজী কাজ ফুরোলে পাঁজি, কান পাতলা, দক্ষ্যঃ
হাই ফেলতে ভাঙা কুলো, অহিনকুল সম্পর্ক।

4. বাংলায় অনুবাদ কর। (যে কোন পাঁচটি) 5

Autobiography, Vowel, Manuscript,
Human, Justice, Final, Edition, Daily, Com-
merce, Famine.

Section B

5. সেকালের তুলনায় একালের লোকদের শারীরিক
বলবীর্যের অভাবের কারণগুলি 'সেকাল আর একাল'
গ্রন্থে অবলম্বনে লেখ। 10

অথবা

'সেকাল আর একাল' গ্রন্থে লেখক স্ত্রী শিক্ষা বিষয়ে
যে অভিমত দিয়েছেন, তা আলোচনা কর।

6. টীকা লেখ। (একটি) 5
কবির লড়াই, ভট্টাচার্যগণ, ডিরোজিও, কালীপ্রসাদী
হাস্যাম।
7. 'বাঙালির ইতিহাস' গ্রন্থটি অবলম্বনে বাঙালি জাতির
শরীরের গঠনে কোন্ কোন্ জনজাতির প্রভাব লেখ। 10

অথবা

শ্রীমহাসামন্ত শশাঙ্কের একটি পরিচয় দিয়ে সমকালীন
যুগের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও ধর্মীয়
সংস্কৃতির একটি ছবি দাও।

8. টীকা লেখ। (দুটি) 10
'বাঙালি জাতির গোড়াপত্তনের যুগ,' 'অস্ট্রিক ভাষা,'
'গ্রাম দেবতা,' 'জৈন, আজীবিক ও বৌদ্ধধর্মের প্রথম
আগমন', লক্ষণ সেন।